

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৯৯

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. আযান (সালাতের জন্য আহ্বান) - যখন কোন লোক আযান আর অপরজন ইকামত দিবে তার বিধান

## আরবী

وَلَهُ: عَنْ زِيَادِ بْنِ الْحَارِثِ \_ رضي الله عنه \_ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ \_ صلى الله عليه وسلم: «وَمَنْ أَذَّنَ فَهُوَ يُقِيمُ». وَضعَعَّفَهُ أَيْضًا

ضعيف. رواه الترمذي (199) وقال: «حديث زياد إنما نعرفه من حديث الإفريقي، والإفريقي ضعيف عند أهل الحديث». قلت: نعم هذا هو الصواب، وإن خالف بعضهم في ذلك كالعلامة أحمد شاكر \_رحمه الله\_ الذي وثقه، وصحَّح حديثه، وكالحازمي الذي حسَّن حديثه

## বাংলা

১৯৯। তিরমিয়ার অন্য আর একটি হাদীসে যিয়াদ বিন হারিস থেকে বর্ণিত আছে। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আযান দেবে সে ইকামাত দেবে। এটাকেও তিরমিয়া য'ঈফ (দুর্বল) বলেছেন।[1]

## ফুটনোট

[1] যঈফ। তিরমিয়ী ১৯৯ তিরমিয়ী বলেন, যিয়াদের এ হাদীসটি ইফরীকী ব্যতীত অন্য কোন সূত্রে পাইনি। আর ইফরীকী হাদীসবেত্তানের নিকট যঈফ-দুর্বল মুহাক্কিক সুমাইর আয-যুহাইরি বুলুগুল মারামের ব্যাখ্যা গ্রন্থে বলেন: দুর্বল কথাটিই সঠিক, যদিও কেউ কেউ এ বিষয়ে মতবিরোধ করেছেন। তাদের মধ্যে আছেন আল্লামা আহমাদ শাকির তিনি তাকে শক্তিশালী রাবী বলেছেন এবং তার বর্ণিত হাদীসকে সহীহ মন্তব্য করেছেন। অনুরূপভাবে হিযমী ((রহঃ)) তার হাদীসকে হাসান বলেছেন।



ইমাম ইবনু কাসীর তাঁর আল-আহকামুল কাবীর (১/৯৭) ও ইমাম শাওকানী তাঁর নাইলুল আওত্বার (২/৪১) গ্রন্থে বলেন, এর সনদে আবদুর রহমান বিন যিয়াদ বিন আনআম আল ইফরিকী রয়েছে, ইমাম তিরমিয়ী বলেন, মুহাদ্দিসগণের নিকট তিনি দুর্বল হিসেবে পরিচিত। ইয়াহইয়া আল কান্তান সহ অনেকেই তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। (তিরমিয়ী বলেন) আমি ইমাম বুখারীকে দেখেছি, তিনি এ রাবীকে হাদীস বর্ণনার যোগ্য বলে মনে করতেন। মুহাদিস আয়ীমাবাদী তার আওনুল মা'বৃদ (২/১২৬) গ্রন্থে বলেন, এর সনদে দুর্বলতা রয়েছে। আবদুর রহমান মুবারকপুরী তাঁর তুহফাতুল আহওয়ায়ী (১/৪৪৩) গ্রন্থে, শাইখ আলবানী যঈফ ইবনু মাজাহ (১৩৬), যঈফ আবু দাউদ (৫১৪), যাঈফুল জামে (১৩৭৭), ইরওয়াউল গালীল (১/২৫৫) গ্রন্থে ইমাম নববী তার আল খুলাসা (১/২৯৭) হাদীসটিকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ যিয়াদ বিন হারিস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন